

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১২০৬

বিশ্রামগঞ্জ, ১২ সেপ্টেম্বর, ২০২৪

সাংবাদিক সম্মেলনে সিপাহীজলা জেলার জেলাশাসক
সিপাহীজলা জেলায় রিয়াং জনজাতি সম্প্রদায়ের
১১টি পরিবার পিএম-জনমন প্রকল্পের আওতায়

সিপাহীজলা জেলায় রিয়াং জনজাতি সম্প্রদায়ের ১১টি পরিবারের ৪৩ জন সদস্য সদস্যা পিএম-জনমন প্রকল্পের আওতায় এসেছেন। এই পরিবারগুলির আর্থসামাজিক অবস্থার উন্নয়নে নানা সহায়তা করা হচ্ছে। আজ সিপাহীজলা জেলার জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জেলাশাসক ও সমাহর্তা ডা. সিদ্ধার্থ শিব জয়সওয়াল জেলায় পিএম-জনমন প্রকল্পের অগ্রগতি নিয়ে এই তথ্য তুলে ধরেন। তিনি জানান, নানাভাবে পিছিয়ে থাকা জনজাতি গোষ্ঠী হিসেবে পরিচিত রিয়াং সম্প্রদায়ের জীবনমানকে উন্নত করার লক্ষ্যে পিএম-জনমন প্রকল্প চালু করা হয়েছে। সিপাহীজলা জেলায় এই প্রকল্পের আওতায় থাকা পরিবারগুলির উন্নয়নে প্রশাসন নানাভাবে সহযোগিতা করে চলেছে। তিনি জানান, এখন পর্যন্ত এই প্রকল্পের অঙ্গ হিসেবে ৪৩টি আধার কার্ড, ৩০টি আয়ুস্মান কার্ড, ৪০টি এসটি সার্টিফিকেট, ৮টি কিষাণ ক্রেডিট কার্ড, ১৪টি রেশন কার্ড ইস্যু করা হয়েছে। এছাড়া পিএম-কিষাণ সম্মাননিধির আওতায় ৪ জন সহায়তা পাচ্ছেন এবং ৯টি জনধন অ্যাকাউন্ট খোলা হয়েছে।

সাংবাদিক সম্মেলনে জেলাশাসক ও সমাহর্তা জানান, সাম্প্রতিক ভয়াবহ বন্যায় জেলায় ৫ হাজার ১৩৫টি বাড়িঘর ক্ষতিগ্রস্ত হয়েছে। এরমধ্যে ১২৩টি ঘর সম্পূর্ণভাবে, ১১৯৮টি ঘর মাঝারি এবং ৩৮১৪টি ঘর আংশিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। বন্যার সময় দুর্গতদের আশ্রয় দেওয়ার জন্য জেলায় ৮৪টি ত্রাণ শিবির খোলা হয়েছিল এবং এগুলিতে ২৩৯০টি পরিবারের ১০৩৪৯ জন আশ্রয় নিয়েছিলেন। বর্তমানে জেলায় কোনও ত্রাণ শিবির খোলা নেই। জেলাশাসক ডা. সিদ্ধার্থ শিব জয়সওয়াল জানান, এই বন্যায় জেলায় মোট ৫ জনের মৃত্যু হয়েছে। প্রশাসনের পক্ষ থেকে ৪ জন মৃতের পরিবারকে এককালীন ৪ লক্ষ টাকা এবং ১ জনের পরিবারের সদস্যকে ৫০ হাজার টাকা আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। তিনি বলেন, এই প্রাকৃতিক বিপর্যয়ের ফলে বিদ্যুৎ, পানীয়জল, জলসেচের ব্যবস্থা, রাস্তাঘাট ইত্যাদির যে সমস্ত ক্ষয়ক্ষতি হয়েছিল সেগুলি মেরামত করার কাজ এগিয়ে চলেছে।
